চল্ চল্ ভাই, ত্বরা করে মোরা আগে যাই ।
প্রাণপণ খোঁজ্ এ বন সে বন,
চল্ মোরা ক-জন ওদিকে যাই ।
না না ভাই, কাজ নাই
হোথা কিছু নাই, কিছু নাই,
ওই ঝোপে যদি কিছু পাই ।
বরা বরা—
আরে দাঁড়া দাঁড়া, অত ব্যস্ত হলে ফসকাবে শিকার,
চুপি চুপি আয়, চুপি চুপি আয় অশথতলায়,
এবার ঠিকঠাক হয়ে সব থাক্,
সাবধান ধর্ বাণ, সাবধান ছাড়্ বাণ,
গেল গেল, ঐ ঐ, পালায় পালায়, চল্ চল্ ।
ছোট্ রে পিছে আয় রে ত্বরা যাই ।

---

Parjaay: Balmiki Protibha / Kaal Mrigaya, Taal: Kaharwa, Raag: Bhupali

Visit www.geetabitan.com for notation and other detail